সরকারি বাংলোতে আপত্তিকর অবস্থায় তরুণীসহ কবি রবীন্দ্র গোপ আটক

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের সাবেক পরিচালক কবি রবীন্দ্র গোপকে এক তরুণীর (২৫) সঙ্গে সরকারি বাংলোতে আপত্তিকর অবস্থায় আটক করেছে স্থানীয়রা।

জাদুঘরের ভেতরে ডাকবাংলোর একটি কক্ষ থেকে বৃহস্পতিবার (১৩ জুন) দুপুরে এক নারীর সঙ্গে অসামাজিক কার্যকালাপেরত অবস্থায় তাকে আটক করেন স্থানীয়রা। খবর পেয়ে সোনারগাঁ থানা পুলিশ ঘটনাস্থল থেকে তাদের আটক করে থানায় নিয়ে যায়। কবি রবীন্দ্র গোপের বিরুদ্ধে এর আগেও অসামাজিক কার্যকলাপের অভিযোগ উঠেছে। তিনি দায়িত্ব পালনকালে তার অফিসের পেছনে একটা বেডরুম তৈরি করেন। যেখানে নারীদের এনে অসামাজিক কার্যকলাপ করতেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে সোনারগাঁ থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) আলমগীর হোসেন বলেন, সরকারি বাংলাতে নারীকে এনে অসামাজিক কার্যকলাপের অভিযোগে রবীন্দ্র গোপকে আটক করে স্থানীয়রা পুলিশে খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে এক নারীসহ তাকে আটক করা হয়।

স্থানীয় সূত্র জানায়, চলতি বছরের ১৭ মে বাংলাদেশ লোক ও কারুশিল্প
ফাউন্ডেশনের পরিচালক রবীন্দ্র গোপের চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ শেষ হয়।
কয়েক দফা চুক্তির মেয়াদ বাড়িয়ে ১০ বছর ধরে জাদুঘরের পরিচালক হিসেবে দায়িত্ব
পালন করেন তিনি। এ সময় সরকারি বাংলোতে নারীদের এনে অসামাজিক কার্যকলাপ
করার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে।